



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় সমবায় কার্যালয়  
সাধারণ বীমা ভবন, সিএলবি মোড়, রাজশাহী  
অডিট, আইন ও সমিতি শাখা  
www.coop.rajshahidiv.gov.bd

“ বঙ্গবন্ধুর দর্শন, সমবায় উন্নয়ন ”

স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.২৪২.২৫.০০৩.৬৭

১৪ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ২৯ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: সমবায় ব্যবস্থাপনা ও সমবায় হিসাব নিরীক্ষা প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন এবং প্রশিক্ষিত সমবায়ীদের বিধি ৫৭ ও ৫৮ এর প্রতিপালন প্রসংগে।**

সূত্র: বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী এর ১৩/১১/২০২৩ তারিখের সমন্বয় সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমবায় বিভাগের আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহে সমবায়ীদের সমবায় ব্যবস্থাপনা, সমবায় হিসাব নিরীক্ষাসহ বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়। এ সকল প্রশিক্ষণ দেওয়া সত্ত্বেও প্রশিক্ষণ প্রাপ্ত সমবায়ীগণ তাদের প্রশিক্ষণ লক্ষ জ্ঞান বাস্তবে সমিতিতে প্রয়োগ/ চর্চা করেন না। এর কারণ হিসেবে দেখা যায় বিভাগাধীন দপ্তরসমূহ থেকে সমবায় সমিতি ব্যবস্থাপনা ও সমবায় হিসাব নিরীক্ষা প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী হিসেবে প্রকল্পভুক্ত অথবা বিশেষায়িত সমিতির (পাবসস, সিআইজি) সদস্যদের প্রেরণ করা হয়। এ সকল সমিতির সদস্যরা প্রকল্প/সংশ্লিষ্ট দপ্তর হতে পর্যাপ্ত প্রশিক্ষণ পেয়ে থাকে। বিভাগীয় সাধারণ সমিতিসমূহের (বহুমুখী, সঞ্চয় ও ঋণদান অন্যান্য) সদস্যগণকে এ ধরনের প্রশিক্ষণ কোর্সে অন্তর্ভুক্ত করা হয় না। ফলে তারা সমবায় ব্যবস্থাপনা, সমবায় সমিতি আইন ও বিধিমালার প্রয়োগ ও এর পরিপালন যথাযথভাবে করতে পারেনা। এ সকল সমিতির অধিকাংশই ঝুঁকিপূর্ণ ও সন্দেহজনক সমিতি হিসেবে চিহ্নিত হয়। আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট ও ভ্রাম্যমাণ প্রশিক্ষণে উক্ত কোর্সে বহুমুখী/ সঞ্চয় ও ঋণদান/ ঝুঁকিপূর্ণ/সন্দেহভাজন সমিতির সভাপতি/সম্পাদক/ সদস্যগণ প্রশিক্ষণের আওতাভুক্ত হলে সমবায় ব্যবস্থাপনা, হিসাব নিরীক্ষা এবং সমবায় আইন ও বিধিমালার প্রয়োগে তাদের দক্ষতা বাড়বে এবং ঝুঁকি নিরসনে তা কার্যকর ভূমিকা রাখবে।

২। সমবায় বিধিমালার ৫৭ ও ৫৮ বিধি মোতাবেক সমবায় সমিতির হিসাব ও অন্যান্য বিষয়ে ও বার্ষিক/ ত্রৈমাসিক রিটার্ন নিবন্ধক বরাবর দাখিলের যে বিধান রয়েছে তা উক্ত কোর্স দুটির মাধ্যমে বাস্তবায়ন সম্ভব। এতে ঝুঁকিপূর্ণ ও সন্দেহভাজন সমিতিগুলোর হিসাবে স্বচ্ছতা আসবে ও জবাবদিহিতার পথ প্রশস্ত হবে। নিবন্ধক কর্তৃক ঐ সকল সমিতির হিসাব ও কার্যাবলি মনিটরিং সহজ হবে। এক্ষেত্রে ১ কোটি থেকে পর্যাক্রমিকভাবে ৫ লক্ষ টাকা পর্যন্ত কার্যকরী মূলধন আছে এরূপ বিভাগীয় সমিতির তালিকা করতে হবে এবং তালিকা হতে ধারাবাহিকভাবে সর্বোচ্চ থেকে সর্বনিম্ন হিসেবে অগ্রাধিকার ভিত্তিতে সংশ্লিষ্ট সমিতির সদস্যদের প্রশিক্ষণ কোর্সের জন্য নির্বাচনপূর্বক প্রেরণ করতে হবে। আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট ও ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কার্যক্রমে সমবায় সমিতি ব্যবস্থাপনা ও হিসাব নিরীক্ষা কোর্সে প্রশিক্ষণার্থী নির্বাচন ও প্রেরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়ে গুরুত্বারোপ করতে হবেঃ

১. বিভাগীয় সাধারণ সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণের জন্য নির্বাচন করতে হবে।
২. ঝুঁকিপূর্ণ/ সন্দেহভাজন/ বহুমুখী / সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতিসমূহকে এক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।
৩. প্রশিক্ষণ কোর্সে পর্যাক্রমিকভাবে ০১ কোটি থেকে ০৫ লক্ষ টাকা কার্যকরী মূলধন বিশিষ্ট সমিতি প্রেরণ করা।
৪. প্রশিক্ষণ গ্রহণকারী সমিতি প্রশিক্ষণ পরবর্তী প্রতি ত্রৈমাসিক ত্রৈমাসিক রিটার্ন ও বার্ষিক রিটার্ন এবং বার্ষিক হিসাব বিবরণী বিধি ৫৭ ও ৫৮ মোতাবেক দাখিল করবে। জেলা ও উপজেলা বিষয়টি নিশ্চিত করবে।
- ৫। জেলা সমবায় কর্মকর্তাগণ প্রশিক্ষণার্থী নির্বাচন ও সংশ্লিষ্ট সমিতির/প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ পরবর্তী কার্যক্রম মনিটরিং করবেন। এমতাবস্থায় তার জেলাধীন প্রশিক্ষণ কার্যক্রমে উপরোল্লিখিত বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি এ দপ্তরকে প্রেরণের জন্য তাকে বলা হলো।

২৯-১১-২০২৩

মোঃ মোখলেছুর রহমান

বিভাগীয় মুদ্রা-নিবন্ধক

০২৫৮৮৮৫৫৫৪৬

jr.rajshahi@coop.gov.bd

**বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, রাজশাহী;
- ২। জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, টাঙ্গাইলবাবগঞ্জ;
- ৩। জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, নাটোর;
- ৪। জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, নওগাঁ;
- ৫। জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় কার্যালয়, বগুড়া;
- ৬। জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, পাবনা;
- ৭। জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, সিরাজগঞ্জ এবং
- ৮। জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, জয়পুরহাট ।

স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.২৪২.২৫.০০৩.৬৭/১ (১)

১৪ অগ্রহাষণ ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ২৯ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:**

- ১। অধ্যক্ষ, আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, নওগাঁ।, উল্লিখিত কোর্সে বার্ষিক/ত্রৈমাসিক রিটার্ন প্রস্তুতের বিষয়টি মডিউল হিসেবে রাখার জন্য অনুরোধ করা হলো।



২৯-১১-২০২৩

মোঃ মোখলেছুর রহমান  
বিভাগীয় মুদ্রা-নিবন্ধক